মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মেহেরপুর-৭১০০।

ফোন নং-০৭৯১-৬২৪১১,৬২২৫৮,ই-মেইল:gmmpbs@gmail.com,Web:http://pbs.meherpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৬০০.৫৪১.০২.০০৮.২৪. ৩৮৭১ তারিখঃ ১০ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ
২৬ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ

# "উন্মুক্ত নিয়োগ বিজ্ঞপ্তি"

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (০১ বছর মেয়াদী চুক্তিভিত্তিক) এর শূন্যপদে লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর নিমিত্তে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থী ব্যতীত বাংলাদেশের অন্য সকল জেলার যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত ফর্মে স্ব-হস্তে পূরণকৃত আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| পদের নাম | পদের সংখ্যা | বেতন/ভাতা | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (ন্যূনতম ) | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|
| মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (০১ বছর মেয়াদী চুক্তিভিত্তিক) | ৭১ (একাত্তর) টি (নিয়োগ কালীন এ সংখ্যা কম/ বেশি হতে পারে) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী মাসিক মূল বেতন ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকা পর্যন্ত। এছাড়া নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ০৩/১০/২০২৪ খ্রিঃ প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ২৫ বছরের মধ্যে হতে হবে। | ক) শিক্ষাগত যোগ্যতা: প্রার্থীকে ন্যূনতম এসএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>গ) প্রার্থীকে অবশ্যই যোগ, বিয়োগ, গুন ও ভাগ করার দক্ষতা থাকতে হবে।<br>ঘ) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন এবং অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>ঙ) প্রার্থীর হাতের লেখা অবশ্যই সুন্দর হতে হবে।<br>চ) গ্রাহকগণের সাথে কাজ করার আগ্রহ থাকতে হবে।<br>ছ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>জ) গ্রামগঞ্জের প্রত্যন্ত এলাকায় গিয়ে মিটার রিডিং গ্রহণ ও বিদ্যুৎবিল বিতরণের কাজ করার মানসিকতা থাকতে হবে এবং পবিসের লক্ষ্য ও কর্মসূচি সম্পর্কে গ্রাহকদেরকে অবহিত করতে হবে।<br>ঝ) নিরাপত্তা জামানত হিসেবে পবিসের ক্যাশ শাখায় ১০,০০০.০০ (দশ হাজার) টাকা জমা প্রদানের সামর্থ্য থাকতে হবে। | মেহেরপুর পবিসের ভৌগোলিক এলাকা মেহেরপুর/চুয়াডাঙ্গা জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ এবং কুষ্টিয়া জেলার **মিরপুর উপজেলার** আমবাড়ীয়া ইউনিয়নের নানদিয়া, সুতাইল, নতুন সুতাইল, সুকচা এবং মালিহাদ ইউনিয়নের মল্লিকপুর, গোপিনাথপুর, ফুলবাড়ীয়া, মালিহাদ, বাজিতপুর, চক হারদী ও ঝুটিয়াডাঙ্গা গ্রামের স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন না। |

নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

০১। প্রার্থীর বয়সঃ
(ক) ০৩/১০/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। ১৮ বৎসরের কম বা ২৫ বৎসরের বেশি বয়সী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি/ সমমানের সনদ বিবেচিত হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত এবং বিভাগীয় প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত নির্ধারিত ঘর পুরণ করতে হবে। মৌখিক পরীক্ষার সময় বিভাগীয় ছাড়পত্র দাখিল করতে হবে।

০৩। প্রার্থীর যোগ্যতা যাচাইঃ
আবেদনের সাথে প্রার্থীর নিম্নোক্ত কাগজাদির (১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) সত্যায়িত পুর্বক দাখিল করতে হবে।
(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি ।
(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ;
(গ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদ ।
(চ) সরকারী/ আধা সরকারী/স্বায়ত্ত শাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে বিভাগীয় ছাড়পত্র /এনওসি।
(ছ) জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন। স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৫। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।

০৬। প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলী অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ থাকলে এবং পরবর্তী যে কোন সময় বিষয়টি মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত করণসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। নিয়োগের ক্ষেত্রে বাপবিবোর্ড/ মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সর্বশেষ জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

০৮। নিয়োগকালীন সময়ে মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদের প্রাপ্যতার ভিত্তিতে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা মেহেরপুর পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষণ করেন।

০৯। নির্বাচিত প্রার্থীকে ০১ (এক) বছর মেয়াদে চুক্তিভিত্তিক হিসাবে নিয়োগ করা হবে। এই ০১(এক) বছরের চুক্তির মেয়াদকালীন সময়ের প্রথম পক্ষ (পবিস) কর্তৃক দ্বিতীয় পক্ষের বার্ষিক কর্মমূল্যায়ন করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজন হলে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে পরবর্তী চুক্তি সম্পাদিত হতে পারে। তবে চুক্তি সম্পাদিত হলেও ১ম পক্ষের (পবিস) লোকবল প্রয়োজন না হলে তখন প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের সাথে সম্পাদিত চুক্তি পত্রের শর্ত মোতাবেক সম্পাদিত চুক্তির অবসান ঘটাতে পারবেন। তবে কোন ভাবেই এ চাকুরী স্থায়ী করা হবে না।

১০। অত্র পবিসের কর্মকর্তা/ কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/ মহিলা পরিচালকগনের স্বামী/ স্ত্রী অথবা উভয়ের রক্তের সর্ম্পকীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

১১। চুক্তিভিত্তিতে নিয়োগপ্রাপ্ত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (০১ বছর মেয়াদী চুক্তিভিত্তিক) এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কোনক্রমেই স্থায়ী করা হবে না।

১২। দুই বা তার অধিক সহোদরের যেকোন একজন আবেদন করতে পারবেন । দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিলহবে।

১৩। ইতোপূর্বে অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ বরখাস্তকৃত/ চাকুরীচ্যুত/ স্বেচ্ছায় পদত্যাগকারী/শৃঙ্খলাবিরোধী কাজে জড়িত ছিলেন / দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

১৪। প্রতারণামূলকভাবে তথ্য গোপন করে কোনো প্রার্থী নিয়োগপ্রাপ্ত হলে চুক্তি বাতিলসহ তার বিরুদ্ধে দেশে প্রচলিত আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন রির্পোট সন্তোষজনক না হলে বা কোন বিরুপ তথ্য পাওয়া গেলে তা অবগত করতঃ কোন প্রকার আগাম নোটিশ ব্যতিরেকে চুক্তি বাতিল করা হবে।

১৬। চূড়ান্তভাবে নিবার্চিত প্রার্থীদের যোগদানের সময় অবশ্যই আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য প্রয়োজনীয় সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। প্রার্থী কোনো সনদপত্রের মূলকপি প্রদর্শণ করতে ব্যর্থ হলে / সনদপত্র গ্রহণযোগ্য না হলে অথবা তথ্য যাচাইয়ে কোনো অসঙ্গতি পরিলক্ষিত হলে তাকে চাকুরিতে যোগদান করতে দেয়া হবেনা।

১৭। নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে যোগদানের সময় সমিতির অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে। যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে মুনাফাসহ নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

১৮। বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা মেহেরপুর পবিস কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৯। চাকুরীর জন্য যে কোন ব্যক্তিগত যোগাযোগ বা তদবির বা সুপারিশ চাকুরী লাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

**শর্তাবলী:**

০১। মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (০১ বছর মেয়াদী চুক্তিভিত্তিক) পদে নিয়োগলাভে আগ্রহী প্রার্থীগণকে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর-৭১০০,এর ওয়েবসাইট **http://pbs.Meherpur.gov.bd** অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট **www.reb.gov.bd** হতে **A4** সাইজের কাগজে (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পুরণযোগ্য প্রবেশপত্রসহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পুরণ পূর্বক চাহিত কাগজপত্রসহ মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতঃ আগামী **০৩/১০/২০২৪** খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে/সাদা কাগজে/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২০/৯/২৪

(স্বদেশ কুমার ঘোষ)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য:প: (প:অ:)/মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর/আলমডাঙ্গা/জীবননগর/দামুড়হুদা ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.............................. পবিস-১/২/৩/৪।
০৭। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৮। ডিজিএম (সদর দপ্তর-কারিগরী)/চুয়াডাঙ্গা/আলমডাঙ্গা/গাংনী/জীবননগর জোনাল অফিস, মেহেরপুর পবিস।
০৯। এজিএম (ওএন্ডএম), বামন্দী/হাটবোয়ালিয়া/দর্শনা/কার্পাসডাঙ্গা/মুজিবনগর সাব-জোনাল অফিস, মেহেরপুর পবিস।
১০। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/মানব সম্পদ/প্রশাসন/ইএন্ডসি/এমএস),মেহেরপুর পবিস।
১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১/২), মেহেরপুর পবিস। (ওয়েবসাইটে আপলোড করবেন)
১২। নোটিশ বোর্ড, মেহেরপুর পবিস।
১৩। অফিস/মাষ্টার কপি।

২০/৯/২৪

(স্বদেশ কুমার ঘোষ)
জেনারেল ম্যানেজার

ফরম নং-পমাসপ ১১০-০০২,ভার্সন-০১, তারিখঃ ২৯-০৪-২০১৫ খ্রিঃ।

**মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর "মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)" পদে লোকবল নিয়োগ ও প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম**
**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

পাসপোর্ট সাইজের এককপি ছবি এঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত হবে।

জেনারেল ম্যানেজার
মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মেহেরপুর-৭১০০।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং - ২৭.১২.৫৭৮৭.৫৩০.০২.০০৮.২৪.৩৬৯৯ , তারিখঃ ১০/০৯/২০২৪ খ্রিঃ।

০২. আবেদনকৃত পদের নাম : -------------------------------------- ০৩. পদের ধরণ ঃ ----------------------------------

................................................................
৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

৫. প্রকাশনার তারিখ

..............................................................
৬. আবেদনকারীর পুর্ণ নাম(বাংলায়)

..............................................
(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

...........................................................................
৭. জন্ম তারিখ(........ পরীক্ষা সনদ/নিবন্ধন অনুযায়ী)

........../........./................(দিন/মাস/বছর)

..............................................................
৮. মাতার নাম

৯. বয়স ( ০৩-১০-২০২৪ খ্রিঃ তারিখে)

..............................................................
১০. পিতার নাম

.......................................................................
১১. ধর্ম

..............................................................
১২. জাতীয়তা

.........................................................................
১৩. নিজ জেলা

..........................................................
১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিত অবস্থা (টিক(√)দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√)দিন ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

| | | | |
|---|---|---|---|
| ............................... | ................................. | ............................... | ...................... |
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

| | | | |
|---|---|---|---|
| ............................... | ................................. | ............................... | ...................... |
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

মোঃ হাফিজুর রহমান
সহকারী জেনারেল ম্যানেজার। প্রশাসন।
মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি

............................................... ১৯. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর

............................................ ২০. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য

.................................. ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পুরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেনী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| ৮ম শ্রেনী পাশ | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) ঃ........................ বৎসর ।

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেতে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্নীয় ব্যতীত)ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে) ঃ

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হাঁ/না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িতপূর্বক সরবরাহ করতে এবং মুল সদনসমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকবো।

.................................
তারিখ

.........................................
আবেদনকারীর স্বাক্ষর

মোঃ হাফিজুর রহমান
সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন)
মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি

পাসপোর্ট সাইজের এক কপি রঙিন ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

# মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
## মেহেরপুর-৭১০০।

## লিখিত (এমসিকিউ/রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরনীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ-----------------------------------------------

পরীক্ষার তারিখ ঃ-----------------------------------------------

পরীক্ষার সময় ঃ-----------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ-----------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ-----------------------------------------------

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর---------------------

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয় )

পদের নামঃ -----------------------------------------------

প্রার্থীর নাম ঃ -----------------------------------------------

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ঃ ---------------------

-----------------------------------------------------------------

-----------------------------------------------------------------

-----------------------------------------------------------------

মোঃ হাফিজুর রহমান
সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন)
মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি

# প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারন নির্দেশনাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পূনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদন পত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তর পত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লেখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সমিতির কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ হাফিজুর রহমান
সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন)
মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি